Visit Our Website: all.talukdaracademy.com.bd

জুনিয়র বৃত্তি পরীক্ষা সহায়িকা

ট্যালেন্টপুল বৃত্তি প্রত্যাশীদের জন্য

গণিত

অষ্টম শ্রেণি | পরীক্ষা ২০২৬

Talukdar Academy

একনজরে বিষয়বস্তু

- প্রশ্নকাঠামোসহ বিস্তারিত মানবণ্টন (জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬) ৪৫০
- জুনিয়র বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তর ২০২৫ .... ৪৫১–৪৫২
- প্রশ্নের ধরন অনুযায়ী অধ্যায়ভিত্তিক অনুশীলন ৪৫৩–৬২৮
  - বহুনির্বাচনি প্রশ্নোত্তর (তথ্যকণিকাসহ বহুনির্বাচনি) ৪৫৩
  - সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন ও সমাধান ৫১৩
  - সৃজনশীল প্রশ্ন ও সমাধান (সৃজনশীল প্রশ্নব্যাংক) ৫৪৯
- শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ৬২৯–৬৩২
- সর্বশেষ বৃত্তি পরীক্ষার প্রশ্নকাঠামো ও নম্বর বণ্টন অনুযায়ী এক্সক্লুসিভ মডেল প্রশ্নপত্র ও উত্তর ৬৩৩–৬৭২

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd

প্রশ্নকাঠামোসহ বিস্তারিত মানবণ্টন

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬

বিষয়: গণিত

পূর্ণমান: ১০০; সময়: ৩ ঘণ্টা

সৃজনশীল প্রশ্নের জন্য ৫০ নম্বর, সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের জন্য ২০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ থাকবে। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

- **বহুনির্বাচনি প্রশ্ন:**
  পাটিগণিত অংশ থেকে ৮-১০টি, বীজগণিত অংশ থেকে ৮-১০টি, জ্যামিতি অংশ থেকে ৬-৮টি এবং তথ্য ও উপাত্ত অংশ থেকে ৩-৪টি প্রশ্ন নিয়ে মোট ৩০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে। ১ × ৩০ = ৩০ নম্বর
- **সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন:**
  ১০টি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন থাকবে। ২ × ১০ = ২০ নম্বর
- **সৃজনশীল প্রশ্ন:**
  পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি এবং তথ্য ও উপাত্ত অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৫টি সৃজনশীল প্রশ্ন থাকবে। ১০ × ৫ = ৫০ নম্বর

মোট = ১০০ নম্বর

বি.দ্র.: প্রতিটি অধ্যায় থেকে ন্যূনতম ১টি প্রশ্ন (সৃজনশীল প্রশ্ন/সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন/বহুনির্বাচনি প্রশ্ন) থাকতে হবে।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd

জুনিয়র বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তর ২০২৫

এখানে সর্বশেষ অনুষ্ঠিত জুনিয়র বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা দেওয়া হয়েছে। বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র সম্পর্কে ধারণা পেতে এখানে প্রদত্ত প্রশ্নকাঠামো ও নম্বরবণ্টন এবং উত্তরের নমুনা একনজরে দেখে নাও।

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫

গণিত

বিষয় কোড: | ১ | ০ | ৯ |

সময়: ৩ ঘণ্টা

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি (✓) চিহ্ন দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ৫ ক্রমের ম্যাজিক বর্গের ম্যাজিক সংখ্যা কত?
ক) ১৫ খ) ৩৪ গ) ৬৫ ঘ) ১২৫

২. ১ থেকে ৪০ পর্যন্ত ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার সমষ্টির বর্গ কোনটি?
ক) ৪০০ খ) ৯০০ গ) ১৬০০ ঘ) ২৫০০
* অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর ১৬০০০০। কিন্তু "সমষ্টির বর্গ" এর পরিবর্তে "সমষ্টি" চাওয়া হলে সঠিক উত্তর হতো অপশন ক।

৩. ২৪ থেকে ৯৮ পর্যন্ত মোট মৌলিক সংখ্যা কতটি?
ক) ১৫ খ) ১৬ গ) ১৭ ঘ) ১৮

৪. টাকায় ৭টি দরে ক্রয় করে টাকায় ৫টি দরে বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
ক) ৪০% ক্ষতি খ) ২০% ক্ষতি
গ) ২০% লাভ ঘ) ৪০% লাভ

নিচের তথ্যের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ১৫০০ টাকা এবং ৫ বছরে মুনাফা-আসলে ২০০০ টাকা হলে—

৫. এক বছরের মুনাফা কত টাকা?
ক) ১২৫ খ) ২৫০
গ) ৭৫০ ঘ) ১১৬৬.৬৭

৬. আসল কত টাকা?
ক) ৭৫০ খ) ৮৭৫ গ) ১০০০ ঘ) ১২৫০

৭. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং ঘরটির ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে ঘরটির মেঝের কর্ণের দৈর্ঘ্য কত মিটার?
ক) ১২ খ) ১৬ গ) ২৪ ঘ) ১৬$\sqrt{৫}$

৮. ২০ এয়র = কত হেক্টর?
ক) ৪৭৮ খ) ৪৭১ গ) ২৩.৯ ঘ) ১.১৯৫

৯. ১ ঘনমিটার সমান—
i. ১ স্টেয়র ii. ৩৫.৩ ঘনফুট
iii. ১৩০.৮ ঘনগজ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. $a+\frac{1}{a}=7$ হলে $\sqrt{a}+\frac{1}{\sqrt{a}}=$ কত? যখন $a>0$
ক) $\frac{1}{3}$ খ) $\sqrt{7}$ গ) 3 ঘ) 9

নিচের তথ্যের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
$x+\frac{1}{x}=2$; যখন $x>0$

১১. $\sqrt{x}-\frac{1}{\sqrt{x}}=$ কত?
ক) -2 খ) $-\frac{5}{4}$ গ) -1 ঘ) 0

১২. $x^4+\frac{1}{x^4}=$ কত?
ক) 0 খ) 2 গ) 8 ঘ) 16

১৩. x^3+y^3, x^3-y^3 এবং x^6-y^6 এর গ.সা.গু. কত?
ক) 1 খ) $x-y$
গ) $x+y$ ঘ) x^6-y^6

১৪. $\frac{(p+x)}{(p-x)}+\frac{(p+x)^2}{p^2-x^2}=$ কত?
ক) 1 খ) $p-x$ গ) $p+x$ ঘ) $\frac{p-x}{p+x}$

১৫. $\frac{x^2+6x+5}{x^2+10x+25}$ এর সমতুল ভগ্নাংশ হবে—
i. $\frac{x+1}{x+5}$ ii. $\frac{x^2-2x-3}{x^2+2x-15}$
iii. $\frac{x^2+2x+1}{x^2-3x-10}$
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. $5x-3y=9$ এবং $3x-5y+1=0$ হলে $(x, y)=$ কত?
ক) $(-3, 2)$ খ) $(3, -2)$
গ) $(2, 3)$ ঘ) $(3, 2)$

১৭. $A=\{x \in \mathbb{N} : 2<x<7\}$ হলে A সেটের প্রকৃত উপসেট কতটি?
ক) 3 খ) 4 গ) 15 ঘ) 16

১৮. $U=\{x \in \mathbb{N} : 1 \le x \le 6\}$ এবং $A=\{x \in \mathbb{N} : 0<x^2<25\}$ হলে $A'=$ কোনটি?
ক) $\varnothing$ খ) $\{5\}$ গ) $\{6\}$ ঘ) $\{5, 6\}$

১৯. $x+y=0$ রেখাটির লেখচিত্র হলো—
i. $(3, -3)$ বিন্দুগামী
ii. মূলবিন্দুগামী
iii. x অক্ষের অসমান্তরাল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. রম্বসের একটি কর্ণ 6 সে.মি. এবং ক্ষেত্রফল 24 বর্গ সে.মি. হলে অপর কর্ণের দৈর্ঘ্য কত সে.মি.?
ক) 4 খ) 8 গ) 12 ঘ) 16

নিচের চিত্রের আলোকে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে, AB = BC = AC এবং বাহুগুলোর মধ্যবিন্দুগুলো যথাক্রমে E, F ও D।

২১. BCDE ক্ষেত্রটির নাম কী?
ক) বর্গ খ) রম্বস
গ) ট্রাপিজিয়াম ঘ) সামান্তরিক

২২. $\angle BFD=$ কত ডিগ্রি?
ক) 150° খ) 120°
গ) 90° ঘ) 60°

২৩. 1256 বর্গ সে.মি. ক্ষেত্রফলবিশিষ্ট বৃত্তের বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য কত সে.মি.?
ক) 20 খ) 30 গ) 40 ঘ) 60

২৪.



চিত্রে, OA = 4 সে.মি.; OM = 3 সে.মি. হলে AB = কত সে.মি.?
ক) $\sqrt{7}$ খ) $2\sqrt{7}$ গ) 5 ঘ) 10

২৫. নিচের কোন পরিমাপের জন্য একটি সমকোণী ত্রিভুজ আঁকা সম্ভব?
ক) 5, 6, 7 খ) 5, 12, 13
গ) 6, 7, 10 ঘ) 7, 8, 10

২৬.



ABC সমকোণী ত্রিভুজের $\angle B=90°$, BC = 18 ইঞ্চি এবং AC = 30 ইঞ্চি হলে, ক্ষেত্রফল কত বর্গফুট?
ক) 1.5 খ) 3 গ) 3.75 ঘ) 6

২৭. একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত বর্গএকক?
ক) 1 খ) 2 গ) $\frac{\pi}{2}$ ঘ) π

২৮. 250 রানের মধ্যে 50 রান পাইচিত্রের কেন্দ্রে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে?
ক) 35° খ) 60° গ) 72° ঘ) 90°

২৯. 30 থেকে 60 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর মধ্যক কত?
ক) 41 খ) 43 গ) 47 ঘ) 53

৩০. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ নয় কোনটি?
ক) গড় খ) মধ্যক
গ) প্রচুরক ঘ) শ্রেণিসীমা

গণিত

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd

সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সৃজনশীল প্রশ্নের উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দিতে হবে।]

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:** ২ × ১০ = ২০

ক. একটি প্যাটার্নের বীজগাণিতিক রাশি (৬ক-১) হলে, প্যাটার্নটির প্রথম ৬০টি পদের সমষ্টি নির্ণয় করো। ২

খ. ১০$\frac{১}{২}$% হার মুনাফায় ১৫০০ টাকার ৫ বছরের চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করো। ২

গ. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ভূমি ৪৮ মিটার এবং উচ্চতা ৫০০ ইঞ্চি হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার? ২

ঘ. $x^3 - 3x^2; x^2 - 9; xy - 3y$ এর গ.সা.গু. নির্ণয় করো। ২

ঙ. $x^2 - x - (a + 1)(a + 2)$ কে উৎপাদকে বিশ্লেষণ করো। ২

চ. $x + y = 16$ এবং $x - y = 4$ হলে, $(x^2 + y^2)$ এর মান নির্ণয় করো। ২

ছ. $S = \{x : x$ পূর্ণসংখ্যা এবং $x^2 < 17\}$ হলে, S সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করো। ২

জ. সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য 20° হলে, কোণগুলোর পরিমাণ নির্ণয় করো। ২

ঝ. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 15 সে.মি., 12 সে.মি. ও 7 সে.মি. হলে ঘনবস্তুটির সমগ্রপৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করো। ২

ঞ. ২৫, ১১, ২৩, ১৫, ২১, ১২, ১৮, ১৭, ২২, ২৭, ২৯, ৩০, ১৯, ১৬ সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় করো। ২

সৃজনশীল প্রশ্ন ১০ × ৫ = ৫০

২. একটি কক্ষের মেঝের দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪.৫ মিটার। দেওয়ালের উচ্চতা ৪ মিটার এবং পুরুত্ব ২৫ সে.মি.।

ক. ৩, ৫, ৮, ১২ .... তালিকায় পরবর্তী দুইটি পদ নির্ণয় করো। ২

খ. চার দেওয়ালের আয়তন নির্ণয় করো। ৪

গ. প্রতি বর্গফুট ১২৫.৫০ টাকা হিসাবে কক্ষটির সম্পূর্ণ মেঝে টাইলস্ করতে মোট কত টাকা খরচ হবে? ৪

৩. $x^4 - 7x^2 + 1 = 0; x > 0$ একটি বীজগাণিতিক রাশি।

ক. $a^4 + a^2b^2 + b^4$ কে উৎপাদকে বিশ্লেষণ করো। ২

খ. $x^4 - \frac{1}{x^4}$ এর মান নির্ণয় করো। ৪

গ. প্রমাণ করো যে, $\left(x^3 - \frac{1}{x^3}\right)\left(\frac{x^6 + 1}{x^3}\right) = 144\sqrt{5}$ ৪

৪. $ax - by = ab$ ও $bx - ay = ab$ দুইটি সরল সহসমীকরণ।

ক. $\frac{x}{y}$ থেকে $\frac{-2x}{y^2}$ বিয়োগ করো। ২

খ. প্রতিস্থাপন পদ্ধতিতে সমীকরণ জোটটির সমাধান করো। ৪

গ. $a = 2$ এবং $b = -3$ হলে, লেখচিত্রের সাহায্যে সমীকরণদ্বয়ের সমাধান করো। ৪

৫.



চিত্রে, $CD \perp AB$

ক. 6 সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গ আঁকো। ২

খ. চিত্রের আলোকে প্রমাণ করো যে, $AD = BD$ ৪

গ. $AB > EF$ হলে প্রমাণ করো যে, AB জ্যাটি EF জ্যা অপেক্ষা কেন্দ্রের নিকটতর। ৪

৬. ৮ম শ্রেণির শিক্ষার্থীদের গণিতে প্রাপ্ত নম্বরের সারণি নিম্নরূপ:

শ্রেণি ব্যবধান	৩১-৪০	৪১-৫০	৫১-৬০	৬১-৭০	৭১-৮০	৮১-৯০
গণসংখ্যা	৬	৭	১০	১৫	১২	১০

ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি করো। ২

খ. প্রদত্ত সারণি হতে গড় নির্ণয় করো। ৪

গ. বর্ণনাসহ প্রদত্ত উপাত্তসমূহের আয়তলেখ আঁকো। ৪

উত্তরমালা

বহুনির্বাচনি অভীক্ষা

উত্তর																														
	১	(গ)	২	*	৩	(খ)	৪	(ঘ)	৫	(খ)	৬	(ক)	৭	(ঘ)	৮	(ক)	৯	(ক)	১০	(গ)	১১	(ঘ)	১২	(খ)	১৩	(ক)	১৪	(ক)	১৫	(ক)
	১৬	(খ)	১৭	(গ)	১৮	(ঘ)	১৯	(ঘ)	২০	(খ)	২১	(গ)	২২	(খ)	২৩	(গ)	২৪	(খ)	২৫	(খ)	২৬	(ক)	২৭	(ঘ)	২৮	(গ)	২৯	(খ)	৩০	(খ)

■ **সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১. ক. অধ্যায় ১ পৃষ্ঠা ৫১৩ প্রশ্ন নম্বর ২
খ. অধ্যায় ২ পৃষ্ঠা ৫১৯ প্রশ্ন নম্বর ৭০
গ. অধ্যায় ৩ পৃষ্ঠা ৫২৩ প্রশ্ন নম্বর ১০২
ঘ. অধ্যায় ৪ পৃষ্ঠা ৫২৭ প্রশ্ন নম্বর ১৫৯
ঙ. অধ্যায় ৪ পৃষ্ঠা ৫২৭ প্রশ্ন নম্বর ১৫৮
চ. অধ্যায় ৪ পৃষ্ঠা ৫২৫ প্রশ্ন নম্বর ১২৮
ছ. অধ্যায় ৭ পৃষ্ঠা ৫৩৪ প্রশ্ন নম্বর ২২৩
জ. অধ্যায় ৯ পৃষ্ঠা ৫৩৯ প্রশ্ন নম্বর ২৮৭
ঝ. অধ্যায় ৮ পৃষ্ঠা ৫৩৭ প্রশ্ন নম্বর ২৬৮
ঞ. অধ্যায় ১১ পৃষ্ঠা ৫৪৭ প্রশ্ন নম্বর ৩৭৬

■ **সৃজনশীল প্রশ্ন**

২. অধ্যায় ৩ পৃষ্ঠা ৫৬৩ প্রশ্ন নম্বর ১
৩. অধ্যায় ৪ পৃষ্ঠা ৫৭০ প্রশ্ন নম্বর ১
৪. অধ্যায় ৬ পৃষ্ঠা ৫৮৫ প্রশ্ন নম্বর ১
৫. অধ্যায় ১০ পৃষ্ঠা ৬১৪ প্রশ্ন নম্বর ১
৬. অধ্যায় ১১ পৃষ্ঠা ৬২২ প্রশ্ন নম্বর ১

Visit Our Website: all.talukdaracademy.com.bd